গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ২০৩-আইন/২০২৬/৫৮/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ২৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৩৮৪-আইন/২০২৫/১০৬/ কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের-

(১) শর্তাবলি অংশের-

(ক) দফা (ক) এ উল্লিখিত "," চিহ্নের পরিবর্তে "বা" শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খ) ক্রয়-বিক্রয়ের চুক্তি eVAT System এ অন্তর্ভুক্ত দেশীয় লিয়েন ব্যাংক কর্তৃক Endorsement করিয়া দাখিল করিতে হইবে এবং যদি কোনো ব্যাংকের নাম eVAT System এ অন্তর্ভুক্ত না থাকে, সেইক্ষেত্রে মূসক ফরম-২.১ এর মাধ্যমে ভ্যাট নিবন্ধনে তথ্য হালনাগাদ করিয়া ব্যাংকের নাম অন্তর্ভুক্ত করিয়া নিতে হইবে;";

(গ) দফা (গ) এ উল্লিখিত "স্টেশনে" শব্দের পরিবর্তে "স্টেশন বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত কাস্টমস কর্তৃপক্ষের নিকট" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

Downloaded from www.taxvatpoint.com

(ঘ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঘ) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানির ক্ষেত্রে কাঁচামাল আমদানির সময় যেই পরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যয় করা হইয়াছে তাহার তুলনায় প্রত্যাবাসিত (Realized) রপ্তানি মূল্য অধিক হইতে হইবে";

(ঙ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঙ) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য রপ্তানির পূর্বে রপ্তানি আদেশের বিপরীতে সরবরাহের উদ্দেশ্যে প্রতি একক পণ্য উৎপাদনের জন্য আবশ্যক কাঁচামাল বা উপকরণের তালিকা ও যৌক্তিক পরিমাণ অপচয় সংবলিত উপকরণ-উৎপাদ সহগ সম্পর্কিত ঘোষণা **পরিশিষ্ট-১** অনুযায়ী সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে দাখিল করিতে হইবে, তবে অভিন্ন মডেল বা পার্ট নম্বর বা আর্ট নম্বরের পণ্যের ক্ষেত্রে ক্রেতা ভিন্ন হলেও পুনরায় উপকরণ-উৎপাদ সহগ দাখিলের প্রয়োজন হইবে না;";

(চ) দফা (ঙ) এর পর নিম্নরূপ নূতন দফা (ঙঙ) সন্নিবেশিত হইবে, যথা:-

"(ঙঙ) **পরিশিষ্ট-১** অনুযায়ী উপকরণ-উৎপাদ সহগ সংবলিত ঘোষণা দাখিল করিবার পর পুনঃনির্ধারণের মাধ্যমে সহগ অনুমোদিত হইলে উক্ত অনুমোদিত সহগ ও ঘোষিত সহগের পার্থক্যের সহিত সংশ্লিষ্ট কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদি কাস্টমস আইন, ২০২৩ মোতাবেক সুদসহ প্রদান করিতে বাধ্য থাকিব মর্মে প্রতিষ্ঠান কর্তৃক ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা উক্ত ঘোষণার সহিত দাখিল করিতে হইবে;";

Downloaded from www.taxvatpoint.com

(ছ) দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(চ) **পরিশিষ্ট-১** অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ-উৎপাদ সহগ সংবলিত ঘোষণা দাখিল করিবার পর যাচাই করিয়া যথাযথ বিবেচিত হইলে, ঘোষণা অনুযায়ী বা ভিন্নরূপ ক্ষেত্রে, প্রয়োজনে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বক্তব্য বা শুনানি গ্রহণ করিয়া পুনঃনির্ধারণের মাধ্যমে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার সহগ অনুমোদন করিবেন; অন্যথায়, সহগ অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; তবে অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার এর নিকট আবশ্যিক বিবেচিত হইলে তিনি পরবর্তী ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে ঘোষিত উপকরণ-উৎপাদ সহগ যাচাই বা পুনঃনির্ধারণের উদ্দেশ্যে কমিশনারের অনুমোদনক্রমে, কোনো বিশ্ববিদ্যালয় অথবা বিশেষায়িত প্রতিষ্ঠানে প্রেরণ করিতে পারিবেন এবং এইরূপ যাচাই বা পুনঃনির্ধারণের ব্যয় আমদানিকারককে বহন করিতে হইবে; এইরূপ ক্ষেত্রে উক্ত বিশ্ববিদ্যালয় অথবা বিশেষায়িত প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত তথ্য সংবলিত **পরিশিষ্ট-১** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদিত সহগ হিসেবে বিবেচিত হইবে এবং উক্তরূপ তথ্য প্রাপ্তির সময়কাল সহগ অনুমোদনের সময়কাল হিসেবে বিবেচিত হইবে;";

(জ) দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:-

"(চচ) ঘোষিত উপকরণ-উৎপাদ সহগ পুনঃনির্ধারণের মাধ্যমে অনুমোদিত হইবার ক্ষেত্রে দফা (ঙঙ) এ উল্লিখিত অঙ্গীকারনামা মোতাবেক অনুমোদিত সহগ ও ঘোষিত সহগের পার্থক্যের সহিত সংশ্লিষ্ট কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদির পরিমাণ নির্ধারণপূর্বক সুদসহ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে পরিশোধের অনুরোধ জানিয়ে অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার কর্তৃক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ করিতে হইবে; এইরূপ

Downloaded from www.taxvatpoint.com

ক্ষেত্রে, নির্ধারিত সময়ের মধ্যে দাবীকৃত অর্থ প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করিতে হইবে;";

(ঝ) দফা (ছ), (জ) ও (ঝ) বিলুপ্ত হইবে;

(ঞ) দফা (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ঞ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানকে অবশ্যই Industrial IRC holder এবং VAT complaint উৎপাদনকারী (manufacturer) হইতে হইবে; তবে অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে Investment Registration Number (IRN) থাকিতে হইবে;

ব্যাখ্যা:-

(অ) "Industrial IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে ইস্যুকৃত শিল্প ভোক্তা (Industrial consumer) আইআরসি রহিয়াছে।

(আ) "VAT complaint" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাব সংরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ উৎপাদনকারী প্রতিষ্ঠান।

(ই) "Investment Registration Number (IRN)" অর্থ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক বিনিয়োগকারীর অনুকূলে ইস্যুকৃত স্বতন্ত্র

Downloaded from www.taxvatpoint.com

Investment Registration Number (IRN)।";

(২) অনুচ্ছেদ ৩ ও ৪ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ৩ ও ৪ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৩। রপ্তানি শেষে শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কাঁচামালের আমদানি সংশ্লিষ্ট দলিলাদি (আইজিএম, ওয়েবিল, বিল অব এন্ট্রি, ইনভয়েস, প্যাকিং লিস্ট প্রভৃতি) ও তদ্দ্বারা উৎপাদিত পণ্যের রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি (ইজিএম, ওয়েবিল, বিল অব এক্সপোর্ট, ইনভয়েস, প্যাকিং লিস্ট, Proceed Realization Certificate প্রভৃতি) এবং রপ্তানি আদেশ সংশ্লিষ্ট দলিলাদি সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটে দাখিল করিবেন।

৪। সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত দলিলাদি যাচাইপূর্বক অনুচ্ছেদ ২ এ বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে রপ্তানি নিশ্চিত হওয়া সাপেক্ষে এবং প্রযোজ্য ক্ষেত্রে, শর্তাবলি অংশের দফা (ঙঙ) এ উল্লিখিত অঙ্গীকারনামা মোতাবেক ঘোষিত সহগ ও অনুমোদিত সহগের পার্থক্যের সহিত সংশ্লিষ্ট কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদি কাস্টমস আইন, ২০২৩ মোতাবেক সুদসহ আদায় সাপেক্ষে একটি অনাপত্তিপত্র ইস্যু করিবে এবং তৎপ্রেক্ষিতে কাস্টমস হাউস বা স্টেশন বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত কাস্টমস কর্তৃপক্ষ রপ্তানিকারক প্রতিষ্ঠানের দাখিলকৃত Bank Guarantee অবমুক্ত করিবে।";

(৪) অনুচ্ছেদ ৬ এ উল্লিখিত "কাস্টমস হাউজ বা স্টেশনকে" শব্দগুলির পরিবর্তে "কাস্টমস হাউস বা স্টেশন বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে অবস্থিত কাস্টমস কর্তৃপক্ষকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৫) পরিশিষ্ট-১ এর ছকের নিম্নে ডান প্রান্তস্থিত "কমিশনারের প্রতিস্বাক্ষর:" শব্দগুলি ও চিহ্ন এবং "দপ্তরের নাম:......" শব্দগুলি ও চিহ্নগুলি বিলুপ্ত হইবে;

Downloaded from www.taxvatpoint.com

(৬) তফসিল-১ এর ক্রমিক ৮ এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭ ও ১৮ সংযোজিত হইবে, যথা:-

"৯। মোটরসাইকেল;
১০। মৎস্য প্রক্রিয়াজাতকরণ;
১১। হস্তশিল্পজাত পণ্য;
১২। ডাইভারসিফাইড পাটজাত পণ্য;
১৩। ডায়াপার ও স্যানিটারী ন্যাপকিন;
১৪। ক্রোকারিজ সামগ্রী;
১৫। তাঁবু;
১৬। টেরি টাওয়েল;
১৭। রিসাইকেল কটন ব্যাগ (প্রয়োজনীয় এক্সেসরিজ);
১৮। স্পীড বোট।";

(৭) তফসিল-২ এর ক্রমিক ১০ এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন ক্রমিক ১১, ১২, ১৩, ১৪ ও ১৫ সংযোজিত হইবে, যথা:-

"১১। কাঁচা পাট;
১২। পাট সুতা;
১৩। সেমি-প্রসেসড পাট পণ্য;
১৪। কাঁচা মাছ (Scallop ব্যতীত);
১৫। কৃষি কাঁচামাল (সকল ধরণের ফল, সবজি, শস্য)।"।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

Downloaded from www.taxvatpoint.com